# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 23-04-2025 Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) কাশ্মীরের প্যাহেলগাঁওতে সন্ত্রাসবাদী হামলায় নিহত এরাজ্যের তিন পর্যটকের দেহ আজ ফিরিয়ে আনা হচ্ছে।

মুখ্যমুন্ত্রী এই ঘটনায় গভীর শোক প্রকাশ করে অপরাধীদের কঠোর শাস্তির দাবি জানিয়েছেন।

বিভিন্ন রাজনৈতিক দল প্যাহেলগাঁওতে সন্ত্রাসবাদী হামলার তীব্র নিন্দা করেছে।

২) অযোগ্য বলে চিহ্নিত নন, এমন প্রায় সাড়ে ১৫ হাজার শিক্ষক-শিক্ষিকার নামের তালিকা ডিআই অফিসে পাঠিয়েছে শিক্ষা দপ্তর। আগের তালিকা থেকে বাদ পড়েছেন আরও ১৮ শো তিন জন।

৩) রাজ্য সরকার পশ্চিম মেদিনীপুরের গোয়ালতোড়ে ১০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন আরও একটি সৌর বিদ্যুত্ কেন্দ্র গড়ে তুলবে।

৪) কলকাতা হাইকোর্ট শর্ত সাপেক্ষে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারিকে ধুলিয়ান যাওয়ার অনুমতি দিয়েছে।

৫) দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ এলাকা জুড়ে আগামী কয়েকদিন তাপপ্রবাহ ও অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে।

---

পহেলগাঁওয়ে গতকালের সন্ত্রাসবাদী হামলায় নিহত এরাজ্যের  তিন পর্যটকের দেহ ফিরিয়ে আনা হচ্ছে। রাত সাড়ে আটটা নাগাদ দেহগুলি নিয়ে একটি বিমান কলকাতায় অবতরণ করবে বলে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এক্স হ্যান্ডেলের এক বার্তায় জানিয়েছেন। তিনি নিজে সাম্প্রতিক পরিস্থিতির তদারকি করছেন। এছাড়া বরিষ্ঠ আধিকারিকরা নজরদারি চালাচ্ছেন। দিল্লির রেসিডেন্ট কমিশনার'ও পরিবারগুলির সঙ্গে নিয়মিত যোগাযোগ রেখে চলেছেন।

এই ঘটনায় মুখ্যমন্ত্রী গভীর শোক প্রকাশ করে এর সঙ্গে জড়িতদের কঠোর শাস্তির দাবি জানান। নিহতদের পরিবারকে সমবেদনা জানানোর পাশাপাশি আহতদের'ও দ্রুত আরোগ্য কামনা করেছেন তিনি। দীর্ঘক্ষণ ধরে হামলা চললেও নিরাপত্তা বাহিনী তা জানতে পারলো না কেন, সেই প্রশ্ন তুলেছেন মুখ্যমন্ত্রী।

আগেই জানানো হয়েছে, জম্মু-কাশ্মীরের পহেলগাঁও-এ পশ্চিমবঙ্গের তিন বাসিন্দার মৃত্যু হয়েছে। এরা হলেন- কলকাতার বৈষ্ণবঘাটা রোডের বিতান অধিকারী, বেহালার সখের বাজারের সমীর গুহ এবং পুরুলিয়ার ঝালদার মণীশ রঞ্জন মিশ্র।

উল্লেখ্য, পহেলগাঁও-এ গতকালের ঘটনায় এখনও পর্যন্ত সরকারিভাবে হতাহতের সংখ্যা জানানো না হলেও প্রায় ২৬ জনের প্রাণহানির খবর পাওয়া গেছে।

---

বিজেপি, কাশ্মীরে জঙ্গী হানায় এরাজ্যের পর্যটকদের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছে। দলের রাজ্য সভাপতি, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার আজ এই ঘটনায় নিহত ঝালদার বাসিন্দা মনীষ রঞ্জন মিশ্রর বাড়ি গিয়ে শোকার্ত পরিবারের সঙ্গে দেখা

করেন। তাঁদের পাশে থাকার বার্তা দেন তিনি। সুকান্তবাবু সাংবাদিকদের বলেন, এই ঘটনায় কড়া ব্যবস্থা নেওয়া হবে।

বাইট

বিরোধী দলনেতা **শুভেন্দু** অধিকারী, নিহত বিতান অধিকারীর স্ত্রীর সঙ্গে টেলিফোনে কথা বলেছেন। মৌলালি থেকে শিয়ালদা পর্যন্ত এক মিছিলং অংশ নেন তিনি। ছিলেন বিজেপির শীর্ষ রাজ্য নেতৃত্বও।

রাজ্যের পুর ও নগোরন্নয়ন মন্ত্রী তথা মেয়র ফিরহাদ হাকিম আজ নিহত বিতান অধিকারী ও সমীর গুহ-র বাড়িতে গিয়ে শোকসন্তপ্ত পরিবারের সঙ্গে কথা বলেন। রাজ্য সরকারের তরফে তাদের পাশে থাকার বার্তা দিয়েছেন মন্ত্রী।

**কাশ্মীরে জঙ্গি হানায় পর্যটকদের মৃত্যুর ঘটনার প্রতিবাদে ও আগামীকাল জেলায় জেলায় মৌন মিছিল করবে যুব তৃণমূল। পাশাপাশি আজ সন্ধ্যায় দক্ষিণ কলকাতার গড়ফা থেকে পালবাজার পর্যন্ত মোমবাতি মিছিল করছেন যুব তৃণমূল নেত্রী, সাংসদ সায়নী ঘোষ।**

**প্রদেশ কংগ্রেস,** হামলার ঘটনার প্রতিবাদে আজ রাজ্য জুড়ে মোমবাতি মিছিল করছে। প্রদেশ কংগ্রেসের এক প্রতিনিধি দল আজ সখের বাজারে নিহত সমীর গুহর বাড়িতে যান। ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, সম্পাদক আশুতোষ চ্যাটার্জি প্রমুখ। কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী এই ঘটনার পেছনে পাকিস্তানের ষড়যন্ত্র ও চীনের সমর্থন আছে বলে অভিযোগ করেছেন।

বাইট

শোক ব্যক্ত করেছে, CPIM সহ অন্য দল'ও। দলের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বৈষ্ণবঘাটা পাটুলীতে বিতান অধিকারীর বাড়ি যাচ্ছেন বলে খবর।

-----------------------

জম্মু ও কাশ্মীরের পেহেলগামে জঙ্গী হামলার ঘটনার তীব্র নিন্দা করেছে সিপিআইএম এর পলিটব্যুরো। আজ এক বিবৃতিতে পলিটব্যুরো নিহত ব্যক্তিদের পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়ে আরোগ্যদের দ্রুত আরোগ্য কামনা করেছে। ওই ঘটনায় জড়িতদের গ্রেপ্তার ও শাস্তির দাবি জানানো হয়েছে। এসইউসিআই কমিউনিস্টও এক বিবৃতি জারি করে পহেলগাঁওয়ে পর্যটকদের ওপর হামলার তীব্র নিন্দা করেছে।

-----------------------

বিজেপি সংখ্যালঘু মোর্চা কাশ্মীরে জঙ্গি আক্রমণের কড়া নিন্দা করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে মোর্চার জাতীয় সভাপতি জামাল সিদ্দিকী অভিযোগ করেন, প্রতিবেশী রাষ্ট্র পাকিস্তানের মদতে এই আক্রমণ হয়েছে। তিনি বলেন, যেভাবে নাম জিজ্ঞেস করে হত্যা করা হয়েছে তা অত্যন্ত নিন্দনীয়। হিন্দু ও মুসলমানের মধ্যে বিভাজন করে দেশকে দুর্বল করার যে চক্রান্ত চলছে তাতে কোন লাভ হবে না বলে তিনি উল্লেখ করেন। পাশাপাশি মুর্শিদাবাদের ঘটনারও নিন্দা করেন তিনি। শ্রী সিদ্দিকী অভিযোগ করেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ভোট ব্যাংকের স্বার্থে নীরব রয়েছেন। কাশ্মীর ও মুর্শিদাবাদের ঘটনার মধ্যে কোন যোগসূত্র রয়েছে কিনা তা খতিয়ে দেখতে তদন্তের জন্য তিনি কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে চিঠি দিয়েছেন বলে শ্রী সিদ্দিকী জানিয়েছেন।

-----------------------

কাশ্মীর ঘুরতে গিয়ে উত্তর ২৪ পরগণার বনগাঁর একটি পরিবার আটকে পড়েছে। গত ১৮ ই এপ্রিল প্রতাপগড়ের বাসিন্দা বিশ্বাস পরিবার কাশ্মীর সহ বেশ কয়েকটি

জায়গায় ঘুরতে যান। এলাকায় ওষুধ ব্যবসায়ী হিসাবে তারা পরিচিত। পাঞ্জাব ঘুরে কাশ্মীর পৌঁছলে সেখানে হোটেলে পরিবারটি আটকে পড়েছে বলে খবর।

----------------------

কাশ্মীরে ভয়াবহ জঙ্গিহানায় নিহতদের প্রতি শোক জ্ঞাপন করে বিধানসভার প্রস্তাবিত সাংস্কৃতিক অনুষ্ঠান স্থগিত করা হয়েছে । বিধানসভার প্ল্যাটিনাম জয়ন্তী স্মারক ভবনে আজ ওয়েস্ট বেঙ্গল লেজিসলেচার স্টাফ রিক্রিয়েশন ক্লাবের ওই সাংস্কৃতিক অনুষ্ঠানটি হওয়ার কথা ছিল। নির্ধারিত সময়ে প্রেক্ষাগৃহে নিহতদের স্মরণে নীরবতা পালন করার পরই আয়োজকরা অনুষ্ঠান স্থগিত করার কথা ঘোষণা করেন। প্রসঙ্গত কাশ্মীরের ঘটনার আবহে ওই অনুষ্ঠান স্থগিত করার আবেদন জানিয়ে বিধানসভার সচিবালয়ে চিঠি দিয়েছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

----------------------

অযোগ্য বলে চিহ্নিত নন এমন ১৫ হাজার ৪০৩ জনের নামের তালিকা জেলা স্কুল পরিদর্শকদের কাছে পাঠিয়েছে শিক্ষা দপ্তর। এর আগে ১৭ হাজার ২০৬ জন শিক্ষক যোগ্য বলে জানিয়েছিলেন শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু। তবে ওই তালিকার মধ্যে থেকে আরো ১৮০৩ জনকে বাদ দিয়ে ১৫ হাজার ৪০৩ জনের নামের তালিকা শিক্ষা দপ্তর তৈরি করেছে বলে দাবি করেছেন আন্দোলনরত চাকরিহারা শিক্ষকরা। যদিও ওই তালিকায় বেশ কয়েকজন যোগ্য শিক্ষকের নাম নেই বলে জানিয়েছেন তাঁরা।

যোগ্য শিক্ষক অধিকার মঞ্চের তরফে সঙ্গীতা সাহা বলেন, প্রতিটি জেলায় ক'জন যোগ্যদের নাম বাদ গেছে তা জানার জন্য একটি ফর্মের ব্যবস্থা করা হয়েছে। সব তথ্য পাওয়ার পর এ ব্যাপারে পরবর্তী পদক্ষেপ করা হবে বলে তিনি জানান। আপাতত স্বচ্ছ ও নির্ভুল তালিকা প্রকাশ এবং ওএমআর সিটের মিরর ইমেজ দেওয়ার দাবিতে

এসএসসি ভবনের সামনে রাস্তায় বসে অবস্থান ধর্না চালিয়ে যাচ্ছেন চাকরিহারা শিক্ষক ও শিক্ষা কর্মীরা।

----------------------

২৬ হাজার চাকরি বাতিল সংক্রান্ত আদালত অবমাননার মামলা, কলকাতা হাইকোর্ট আদৌ শুনতে পারে কিনা, সেই প্রশ্ন তুলেছে রাজ্যের স্কুল সার্ভিস কমিশন। দুই বিচারপতি দেবাংশু বসাক ও মহম্মদ শব্বর রশিদির ডিভিশন বেঞ্চে আজ এই মামলার শুনানিতে, SSC-র আইনজীবী সপ্তাংশু বসু ও রাজ্য শিক্ষা দপ্তরের আইনজীবি পার্থ সারথী সেনগুপ্ত বলেছেন, সুপ্রিমকোর্ট, হাইকোর্টের নির্দেশ সংশোধন করেছে। এছাড়াও, সুপ্রিম কোর্টে এখনো মামলা বিচারাধীন। সেক্ষেত্রে, হাইকোর্টের মামলা শুনানির এক্তিয়ার আছে কিনা, সে কথাও জানতে চেয়েছেন তাঁরা।

----------------------

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ কলকাতায় একটি বেসরকারি হাসপাতালে ভর্তি রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোসকে দেখতে যান। চিকিৎসকরা রাজ্যপালের স্বাস্থ্যের দিকে ২৪ ঘন্টা নজর রাখছেন বলে জানিয়ে মুখ্যমন্ত্রী তাঁর দ্রুত আরোগ্য কামনা করেন।

----------------------

এবারের স্পটলাইটের বিষয়ঃ- ‘প্রধানমন্ত্রী মুদ্রা যোজনা’র ১০ বছর।
অনুষ্ঠানে অংশ নিচ্ছেন ‘ভারতীয় স্টেট ব্যাঙ্ক’-এর অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার অভিষেক কুমার এবং ম্যানেজার সচেত রায়।

অনুষ্ঠানটি শোনা যাবে আগামীকাল ( বৃহস্পতিবার) রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচার তরঙ্গে।   সঞ্চালনায় সন্দীপন দাশগুপ্ত।

----------------------

পশ্চিম মেদিনীপুরের গোয়ালতোড়ে আরো একশ মেগাওয়াট সৌর বিদ্যুৎ কেন্দ্র তৈরির সিদ্ধান্ত নিল রাজ্য সরকার। গতকালই মুখ্যমন্ত্রী গোয়ালতোড়ে একটি জার্মান সংস্থার সঙ্গে যৌথ উদ্যোগে ১১২ মেগাওয়াট বিদ্যুৎ কেন্দ্রের উদ্বোধন করেছেন। আজ রাজ্য মন্ত্রিসভার বৈঠকে আরো একশ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন সৌর বিদ্যুৎ কেন্দ্র তৈরির সিদ্ধান্ত গৃহিত হয়েছে। মন্ত্রিসভার বৈঠকের পর রাজ্যের সেচমন্ত্রী মানস ভুঁইয়া বলেন, পরিবেশ বান্ধব বিদ্যুৎ উৎপাদনে বিশেষ গুরুত্ব দিচ্ছে রাজ্য সরকার। তাই নতুন ওই বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

বাইট

---------------------

বিভিন্ন দপ্তর গত অর্থ বছরে, উন্নয়নমূলক প্রকল্পের জন্য বরাদ্দ কত টাকা খরচ করেছে রাজ্য সরকার তা নিয়ে স্ট্যাটাস রিপোর্ট চেয়েছে। দপ্তরগুলি কোন প্রকল্পে কোন মাসে কত টাকা খরচ করেছে চলতি মাসের মধ্যেই বিস্তারিতভাবে সেই রিপোর্ট জমা দেওয়ার জন্যে অর্থ দপ্তর নির্দেশ দিয়েছে। বাজেটে বরাদ্দর পরেও কোন্ দপ্তর কত টাকা খরচ করতে পারেনি এই রিপোর্ট জমা দেওয়ার পরেই তা খতিয়ে দেখা হবে।

---------------------

কলকাতা হাইকোর্ট, শুভেন্দু অধিকারীকে মুর্শিদাবাদের হিংসা কবলিত ধুলিয়ানে যাওয়ার অনুমতি দিলেও, বেশ কিছু শর্ত আরোপ করেছে। বিচারপতি সৌমেন সেন এবং বিচারপতি রাজা বসু চৌধুরীর ডিভিশন বেঞ্চ তাঁদের নির্দেশে বলেছেন, যেদিন শ্রী অধিকারী ধুলিয়ান যেতে চান, তার ২৪ ঘন্টা আগে সে ব্যাপারে রাজ্য প্রশাসনকে জানাতে হবে। কেবলমাত্র বিরোধী দলনেতা ও বিধায়ক গৌরিশঙ্কর ঘোষ'ই যেতে পারবেন। তাঁদের সঙ্গে শুধু নিরাপত্তা রক্ষীরাই থাকবেন। ধুলিয়ানে গেলেও শ্রী অধিকারী সেখানে কোনো রাজনৈতিক মিছিল, সভা বা বক্তৃতা করতে পারবেন না।

----------------------

আর জি করে পিজিটি চিকিৎসক তরুণীর খুন ও ধর্ষণের ঘটনায় কলকাতা পুলিশের কেস ডাইরি, সাক্ষীদের তালিকা, ইনকোয়েস্ট ও ময়নাতদন্ত রিপোর্ট এদিন বিচারপতি তীর্থঙ্কর ঘোষের কাছে জমা পড়েছে। সিবিআইয়ের তরফে ডেপুটি সলিসিটর জেনারেল রাজদীপ মজুমদার এই রিপোর্ট পেশ করেন। সিবিআইয়ের তদন্তে একাধিক অসঙ্গতি রয়েছে বলে অভয়ার পরিবারের দাবি। মহিলা চিকিৎসকের বাবা সাংবাদিকদের বলেন,

বাইট

----------------------

উত্তর ও উত্তর পশ্চিম দিক থেকে আসা শুষ্ক বায়ুর প্রভাবে দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ এলাকা জুড়ে আগামী কয়েকদিন তাপপ্রবাহ ও অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে। আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত আকাশবাণীকে জানিয়েছেন, পশ্চিমের জেলা গুলিতে আজ হলুদ ও আগামীকাল কমলা সতর্কতা জারি করা হয়েছে। তাপমাত্রার পারদ আরো দুই থেকে তিন ডিগ্রি বৃদ্ধি পেতে পারে।

বাইট

আজ সকালে আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৯ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা তিন ডিগ্রি বেশি। সর্ব্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৮ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের তুলনায় প্রায় আড়াই ডিগ্রি বেশি।

---------------------- ----------------------